

আপনার স্বাস্থ্য এবং কর্মসংস্থান

শ্রমিকদের জন্য প্রয়োজনীয় মূল তথ্য

একজন শ্রমিকের যদি জ্বর বা অন্যান্য উপসর্গ থাকে, তবে তিনি কী করবেন?

একজন শ্রমিকের যদি কাশি, জ্বর বা শ্বাস নিতে অসুবিধা দেখা দেয় তবে তার উচিত অন্যদের থেকে দূরে থাকা এবং অবিলম্বে কাতারের COVID-19 হটলাইন 16000-এ যোগাযোগ করা।

জরুরী অবস্থায়, শ্রমিকের উচিত 999-এ কল করে অ্যাম্বুলেন্স এর জন্য অনুরোধ করা।

একজন শ্রমিকের যদি স্বাস্থ্য কার্ড না থাকে, তবে তিনি কী করবেন?

বর্তমান সংকটের সময়, পরীক্ষা করা এবং/অথবা চিকিৎসা পাওয়ার জন্য স্বাস্থ্য কার্ড এবং/অথবা QID থাকার প্রয়োজন নেই। এই সেবা সরকার কর্তৃক বিনামূল্যে প্রদান করা হয়।

কখন একজন শ্রমিকের নিজেকে আলাদা রাখতে হবে?

একজন শ্রমিকের নিজেকে আলাদা রাখতে এবং COVID-19 হটলাইন 16000 -এ কল করতে হবে যদি:

- তার মধ্যে COVID-19 এর কোনো উপসর্গ দেখা যায়, যেমন কাশি, জ্বর, বা শ্বাস কষ্ট।
- COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল পাওয়া গেছে এমন কারণে সংস্পর্শে এসে থাকলে, এমনকি যোগাযোগের সময় তার মধ্যে রোগের কোন উপসর্গ না দেখালেও।
- সে সম্প্রতি এই রোগের ব্যাপক বিস্তার ঘটেছে এমন কোনো দেশ থেকে ফিরে আসে।

আরও তথ্যের জন্য, দয়া করে জনস্বাস্থ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moph.gov.qa/ দেখুন

শ্রমিকদেরকে কখন আলাদা করে রাখা হবে?

যখন কোনো শ্রমিক তার পরীক্ষার ফলাফলের অপেক্ষায় থাকে, যদি তার COVID-19 থাকতে পারে বলে ধারণা করা হয় (যদি সে কোনো উপসর্গ প্রদর্শন করে বা COVID-19 দ্বারা আক্রান্ত কারো সংস্পর্শে আসে), তাহলে তাকে সরকারি কর্তৃপক্ষ দ্বারা আলাদা করে রাখা যেতে পারে।

যদি একজন শ্রমিকের COVID-19 পরীক্ষার ফলাফল ইতিবাচক হয়, তবে কী হবে?

কোনো শ্রমিকের COVID-19 পরীক্ষার ফলাফল ইতিবাচক হলে তাকে মুকাইনিস এলাকার কেন্দ্রগুলিতে কোয়ারেন্টাইন করা হবে এবং বিনামূল্যে সমস্ত প্রয়োজনীয় চিকিৎসা সেবা, খাদ্য এবং বাসস্থান সরবরাহ করা হবে।

একটি শেয়ারড বাসভবনে শ্রমিকদেরকে আলাদা করে রাখা বা কোয়ারেন্টাইনের ব্যবস্থা করা কার দায়িত্ব?

জনস্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে সুপ্রিম কমিটি ফর ক্রাইসিসম্যানেজমেন্ট এর তত্ত্বাবধানে কাজ করা একটি বিশেষায়িত মেডিকেল টিমের দায়িত্ব শ্রমিকদেরকে আলাদা করে রাখা এবং কোয়ারেন্টাইনে চিকিৎসার ব্যবস্থা করা। শ্রমিকদেরকে আলাদা করে রাখা এবং কোয়ারেন্টাইনের জন্য নিয়োগকর্তা দায়বদ্ধ নয়।

কোন বৈধ QID ছাড়া শ্রমিকরা কি প্রয়োজনে চিকিৎসা গ্রহণ করতে পারবে?

সকল শ্রমিক বিনামূল্যে সব প্রয়োজনীয় চিকিৎসা পাবেন, এবং তাদের অবস্থা বিবেচ্য নয়।

শ্রমিকদেরকে যখন আলাদা করে রাখা হবে এবং কোয়ারেন্টিনে চিকিৎসা প্রদান করা হবে তখনও কি তারা পারিশ্রমিক পাবেন?

আলাদা হয়ে, কোয়ারেন্টিনে বা চিকিৎসাধীন থাকা সকল শ্রমিকদেরকে এখনও তাদের মৌলিক বেতন প্রদান করা হবে এবং তারা অসুস্থতাজনিত ছুটি সুবিধার অধিকারী কিনা তা নির্বিশেষে (সকলে) তাদের ভাতা গ্রহণ করবেন।

সেবা বন্ধ করার জন্য সরকারি নির্দেশনা অনুসরণকারী সেক্টরে থাকা শ্রমিকেরা কি এখনও তাদের মৌলিক বেতন এবং খাদ্য ও বাসস্থানের জন্য অন্যান্য ভাতা পাবেন?

হ্যাঁ, সকল শ্রমিক এখনও তাদের নিয়োগকর্তার কাছ থেকে তাদের মৌলিক বেতন এবং ভাতা পাবেন।

সঙ্কটের কারণে শ্রমিকদের চুক্তি বাতিল করা যেতে পারে?

নিয়োগকর্তাদের চুক্তি বাতিল করার অধিকার আছে। যাইহোক, চাকরি বাতিল করতে হলে সেটি অবশ্যই নোটিশ প্রদানের সময়কাল এবং সমস্ত মূলতুবি এনটাইটেলমেন্টের অর্থ অর্থ প্রদানপূর্বক এবং সেই সাথে নিজ দেশে ফিরে যাওয়ার ফিরিতি টিকেট প্রদানসহ শ্রম আইন এবং চুক্তির শর্তাবলী সম্পূর্ণরূপে মেনে বাতিল করতে হবে।

শ্রমিকরা যে সময়ে কাজ করতে সক্ষম নয় তা অতিবাহিত করতে বা কোম্পানির সেবার পরিমাণ হ্রাস পাওয়ার দরুন জন্য তাদেরকে কি বার্ষিক ছুটি ব্যবহার করতে বা অবৈতনিক ছুটি নেওয়ার জন্য অনুরোধ করা হতে পারে?

উভয়পক্ষের সুবিধার জন্য ক্ষয়ক্ষতি কমাতে দীর্ঘমেয়াদে ব্যবসাকে টিকিয়ে রাখতে এবং সেইসাথে কর্মসংস্থানকে বিবেচনায় রেখে এই সময়ে সকলের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং, ব্যবসাটি যদি বন্ধ হয়ে যায় এবং শ্রমিকদেরকে কোনো কাজে নিয়োগ দেয়া না হয়, সেক্ষেত্রে অবৈতনিক ছুটি নেওয়া বা বার্ষিক ছুটি ব্যবহার করার ব্যাপারে নিয়োগকর্তা এবং শ্রমিকের পারস্পারিক সম্মতিতে আসতে পারেন। যাইহোক, নিয়োগকারীদের অবশ্যই আবাসন এবং খাবারসহ অন্যান্য সকল সুবিধা সরবরাহ করতে হবে।

শ্রমিকরা যদি দেশের বাইরে থাকে এবং ফিরে আসতে না পারে তাহলে তাদের কর্মসংস্থানের অবস্থা কীভাবে প্রভাবিত হবে?

নিয়োগকর্তা এবং শ্রমিককে কাজের পরিবেশ এবং সুবিধা নিয়ে আলোচনা করা উচিত। চুক্তির যে কোনো পরিবর্তন প্রত্যাখ্যান করার অধিকার শ্রমিকের রয়েছে। চাকরি বাতিল করতে হলে সেটি অবশ্যই নোটিশ প্রদানের সময়কাল এবং সমস্ত মূলতুবি এনটাইটেলমেন্টের অর্থ প্রদানপূর্বক শ্রম আইন এবং চুক্তির শর্তাবলী সম্পূর্ণরূপে মেনে বাতিল করতে হবে।

সীমিত সরকারি সেবাদানের সময় ভিসা এবং QID এর মেয়াদ শেষ হয়ে গেলে কি সেগুলির মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে বর্ধিত হবে?

ভিসার মেয়াদ বর্ধিত করতে (বা তার অবস্থা পরীক্ষা করতে) এই লিঙ্কটি অনুসরণ করুন: <https://portal.moi.gov.qa/visitvisaextension>

QID এর মেয়াদ বর্ধিত করতে (অথবা এর অবস্থা পরীক্ষা করতে) অনুগ্রহ করে **Metrash2** অ্যাপটি ব্যবহার করুন।

সর্বশেষ তথ্যের জন্য অনুগ্রহ করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট দেখুন।

এই একই শর্তাবলী কি বাড়িতে নিযুক্ত গৃহকর্মী শ্রমিকদের জন্যও প্রযোজ্য?

উপরের সমস্ত তথ্য বাড়িতে নিযুক্ত গৃহকর্মী শ্রমিকদের জন্যও সমানভাবে প্রযোজ্য।

শ্রমিকদের যদি এই সময়ে তাদের কর্মসংস্থান বা বাসস্থান সম্পর্কে কোনো অভিযোগ বা সমস্যা থাকে, তাহলে তারা কী করতে পারেন?

শ্রমিকদের 16008-এ কল বা info@adlsa.gov.qa এ ইমেইল করার মাধ্যমে প্রশাসনিক উন্নয়ন, শ্রম ও সামাজিক বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা উচিত।